দর্শনায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দর্শনায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌর ভবনের সম্মেলন কক্ষে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌরসভা কর্তৃক আয়োজিত এ প্রস্তুতিমূলক সভায় দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে দিকনির্দেশনা মূলক আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোশারফ হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌর সভার ৯টি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর এবং কর্মচারী, দর্শনা পৌরসভাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক সহ অন্যান্য সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিবূন্দ।

দর্শনা সীমান্তে ভৃষির বস্তার ভিতর থেকে ১০টি স্বর্নের বার উদ্ধার

দর্শনা সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৩ কেজি ১৬৩গ্রাম ওজনের ১০ টি স্বর্নের বার উদ্ধার করেছে চুয়াডাঙ্গা-৬

বিজিবি।

বিজিবি জানায়, বৃহস্পতিবার দুপুর ৩ টার দিকে চুয়াডাঙ্গা-৬ বিজিবি’র অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমানের নেতৃত্বে চোরাচালান বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা গ্রামে।

এসময় ৬ বিজিবির সুলতানপুর ক্যাম্পের টহলদল নায়েক দিদার বাদশা সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় সীমান্তের পিলার ৭৮/৬-আর হতে আনুমানিক ৩শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ঝাঝাডাঙ্গা গ্রামের চার রাস্তার মোড়ে পাকা রাস্তার উপর। উক্ত এলাকা দিয়ে ১টি ব্যাটারীচালিত ভ্যান নাস্তিপুর সীমান্ত এলাকার দিকে যেতে দেখলে বিজিবি সশস্ত্র টহলদল উক্ত ব্যাটারী চালিত ভ্যানটির গতিরোধ করে।

এসময় বিজিবির উপস্থিতি টেরপেয়ে ভ্যানে অবস্থানরত এক চোরাচালানী পাখিভ্যান থেকে দৌড়ে পালিয়ে যায়। পরে বিজিবি পাখিভ্যানের উপর থেকে একটি গমের ভূষির বস্তা জব্দ করে তাতে তল্লাশী করে তার মধ্য থেকে ছোট বড় ১০ টি স্বর্নের বার উদ্ধার করে। টহলদল তাদেরকে জিজ্ঞাসা করলে তারা পলাতক ব্যক্তিকে চিনে না বলে জানায় এলাকাবাসী।

এ ব্যাপারে নায়েক দিদার বাদশা বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছে। আটককৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দিয়েছে।

জীবননগরে দিন ব্যাপী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ

জীবননগরে দিন ব্যাপী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা সাড়ে ১১টার সময় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

(বিআরডিবির) আয়োজনে জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ১শ কিশোরীদের দিন ব্যাপী বিভিন্ন বিষয়ের উপর সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

আন্দুলবাড়িয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কর্মকর্তা সৈয়দ আব্দুল জব্বার, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবির) জীবননগর উপজেলা শাখার কর্মকর্তা মোঃ জামিল আখতার প্রমুখ। প্রশিক্ষণ শেষে কিশোরীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়।

দর্শনায় ৫২৪ পিচ ইয়াবা ও ফেনসিডিলসহ নারী মাদক ব্যাবসায়ী আটক

দর্শনায় চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দর্শনা থানার বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫২৪ পিচ ইয়াবা উদ্ধার ও ২ বোতল ফেনসিডিলসহ মাছুরা বেগমকে (৪১) আটক করেছে।

জানাগেছে, গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় স্টাফদের সমন্বয়ে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা পৌরসভার মোহাম্মদপুর ও আকন্দবাড়িয়া গ্রামে। এ অভিযানে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামের মোহাম্মদপুর মাদ্রাসা পাড়ায় মৃত আলী হোসেনের ছেলে তরিকুল ইসলাম ওরফে মিলনের বাড়ি মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় মিলনের বসতঘরে তল্লাসী করে একটি কাপড়ের শপিং ব্যাগের মধ্যে হতে ৫২৪ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করলেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

অধিদপ্তরের উপস্থিতি টেরপেয়ে পালিয়ে যায় মাদক ব্যাবসায়ী তরিকুল ইসলাম মিলন।

অপরদিকে দুপুর ১২ টার দিকে একইদল মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের তামালতলাপাড়ার আবুল কালামের স্ত্রী মাছুরা বেগমের বাড়ি। এসময় মাছুরার বাড়ি তল্লাশি করে তার নিজ বসত ঘরের খাটের নিচ থেকে ব্যাগের ভিতরে থাকা ভারতীয় ২ বোতল ফেনসিডিল উদ্ধার সহ মাদক ব্যাবসায়ী মাছুরাকে আটক করে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বাদি হয়ে তরিকুল ইসলাম মিলনকে পালাতক আসামী ও মাছুরাকে আটক দেখিয়ে পৃথক দুটি মামলা দায়ের সহ আটক আসামীকে সোপর্দ করেন দর্শনা থানায়।

গতকালই আটক মাদক ব্যাবসায়ী মাছুরাকে মাদক আইনে মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি অনুমোদন

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সভাপতি কাজী মোঃ সালাহউদ্দিন, চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশনের নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সভাপতি এখলাছ উদ্দিন সুজন সহ নব নির্বাচিত কমিটির সকলকে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে এবং ব্যক্তিগত ভাবে অভিনন্দন জানিয়েছেন।

সেই সাথে চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশনের ১৩ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটিকে অনুমোদন দিয়েছেন।

বাফুফের চিঠির বরাত দিয়ে জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের সভাপতি এখলাছ উদ্দিন বলেন এই চিঠির মাধ্যমে নব নির্বাচিত কমিটির দায়িত্ব বেড়ে গেল। এখন তাঁদের প্রধান লক্ষ্য হচ্ছে চুয়াডাঙ্গার ফুটবলে

জাগরণ আনা ও চুয়াডাঙ্গা জেলাকে ফুটবলের রোল মডেল হিসাবে গড়ে তোলা।

এদিকে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আগামী ২৬শে মার্চ ২০২৩ ইং তারিখে চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশন এর পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে- তন্মধ্যে আগামী ২৫শে মার্চ বিকাল ৩ ঘটিকায় হোটেল শহিদ প্যালেসে কমিটির প্রথম কার্যনির্বাহী মিটিং অনুষ্ঠিত হবে, ২৫শে মার্চ দিবাগত রাতে ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে শহিদদের কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে পুস্প অর্পণ, ২৬শে মার্চ সকালে মহান স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ অনুষ্ঠানে যোগদান ও মহান স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে এ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে স্বাধীন বাংলা ফুটবল টিমের গোল রক্ষক ও মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা আব্দুল মোমেন জোয়ার্দ্দার ও দক্ষিণ-পশ্চিম অঞ্চলের মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি মহদয়কে সম্মাননা স্মারক প্রদান।

উক্ত অনুষ্ঠান গুলোতে জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের সভাপতির পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য গত ১৫ই ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখে উৎসবমুখর পরিবেশে জেলা ফুটবল এ্যাসোসিয়েশনে নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে চুয়াডাঙ্গার কৃতি সন্তান ও এম আর লজিস্টিকস বিডি লি এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাছ উদ্দিন সুজন রফিকুল ইসলাম লাড্ডু কে পরাজিত করে নির্বাচিত হন।

মেয়াদোত্তীর্ণ ঔষধ ও জনদুর্ভোগের অভিযোগে

জরিমানা, ফার্মেসী সিলগালা

চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপির বিভিন্নস্থানে অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন। এ অভিযানে মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার দায়ে ও পাকারাস্তার পাশে বালু রেখে জনদুর্ভোগ সৃষ্টির অভিযোগে জরিমানা আদায় করা সহ একটি ঔষধ ব্যাবসা প্রতিষ্ঠানে সীলগালা করে দেওয়া হয়েছে।

গতকাল বুধবার বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলামের নের্তৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপি ও খাড়াগোদা বাজারে।

এ অভিযানে ইউনিয়নের খাড়াগোদা বাজারের মেসার্স জাহানারা মেডিকেল হল নামের এক ঔষধ ব্যাবসা প্রতিষ্ঠানে মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার দায়ে ফার্মেসী মালিক আনোয়ার হোসেনকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা সহ ব্যাবসা প্রতিষ্ঠান ১৪ দিনের জন্য সিলগালা করে দেন। এরপর খাড়াগোদা বাজারের সন্নিকটে একটি “স” মিলের লাইসেন্স ও মালিক না থাকার কারনে স্যালোমেশিন জব্দ করা হয়েছে। সেই সাথে ওই “স” মিলের রাস্তার পাশে থাকা কাঠ না রাখার বিষয়ে সতর্ক করেন।

একই অভিযানিক মোবাইল কোর্ট ইউনিয়নের গড়াইটুপি বাজারে পাকারাস্তার পাশে বালু রেখে বিক্রি করে জনদুর্ভোগ সৃষ্টির অপরাধে ভুষিমাল ও বালু ব্যাবসায়ী হাসান আলীকে ১০ হাজার টাকা জরিমানা ও ১ সপ্তাহের মধ্যে বালু অন্যত্রে সরানোর নির্দেশ দেন।

এ মোবাইল কোর্ট পরিচালনা করেন এবং ভ্রাম্যমান আদালতে রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতায় ছিলেন স্থানীয় তিতুদহ ক্যাম্প পুলিশ।

দর্শনা রেলবাজারে ভোক্তা অধিকারের অভিযানে দু’ প্রতিষ্ঠানকে জরিমানা

পবিত্র মাহে রমজানকে সামনে রেখে দর্শনায় জাতীয় ভোক্তা অধিকারের অভিযানে দু’ প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

গতকাল বুধবার দুপুরে দর্শনা রেলবাজারে এ অভিযান পরিচালিত হয়। এ অভিযানে দর্শনা রেলবাজারের মেসার্স ইসমাইল ষ্টোর ও মেসার্স বোরহান স্টোরের ব্যাবসায়ীকে জরিমানা করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সূত্রে জানা যায়, গতকাল দুপুর সাড়ে ১২ টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এর নের্তৃত্বে দর্শনা রেলবাজারে অভিযান পরিচালিত হয়।

এ অভিযান পরিচালনা কালে দর্শনা রেলবাজারের মেসার্স ইসমাইল ষ্টোরে পন্যের গায়ে মুল্য তালিকা না থাকার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক ব্যাবসায়ী ইসমাইল হোসেনকে ২ হাজার টাকা ও পন্যের গায়ে মূল্য তালিকা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ মালামাল রাখার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ এবং ৫১ ধারা মোতাবেক মেসার্স বোরহান স্টোরেকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরাধিরা ঘটনাস্থলে জরিমানার টাকা অভিযানিক কর্মকর্তাদের নিকট পরিশোধ করে অন্যান্য দন্ড থেকে রক্ষা পান।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, পবিত্র মাহে রমজান ও ঈদুল ফিতরকে সামনে রেখে দ্রব্যমূল্য বাজারে স্থিতিশীল রাখতে সর্বক্ষিনিক বাজার মনিটরিং অব্যাহত থাকবে। এ অভিযান পরিচালনায় সহযোগীতা করেন দর্শনা থানা পুলিশ।

দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিদায় বরণ

দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক খেলাধুলা, সাংস্কৃতিক, বিদায় ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা পৌর সভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু এ অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন।

বিকালে দর্শনা মাধ্যামিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবিরের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা পুরস্কার বিতরনী অনুষ্ঠানে বলেন, সরকার স্মার্ট বাংলাদেশের প্রধান কারিগরি হবে নাগরিক। তাই তোমাদেরকে সামাজিক ও মানবিক মুলোবোধ সম্পন্ন মানুষ হতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন তেলয়াত করেন আন্ত্রে বুসরা, বিদায়ী মেয়েদের উদেশ্যে মানপত্র পাঠ করেন লিজা।

এসময় উপস্থিত ছিলেন স্কুলের পরিচালনা পরিষদের সম্মানিত সাধারণ সদস্যরা, স্কুলের সকল শিক্ষক ও ছাত্রীবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলায় গৃহহীন ও ভূমিহীনদের মাঝে ঘর ও জমি প্রদান অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী

শেখ হাসিনা বলেন, ঘর ও জমি পেয়ে মানুষ যখন হাসে সবচেয়ে বেশি ভালো লাগে।বাংলাদেশের মানুষের জন্য এটি সবথেকে বড় উৎসব। এর থেকে বড় উৎসব বাংলাদেশের মানুষের জন্য হতে পারে না। গতকাল বুধবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে গণভবন থেকে সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে গৃহহীন ও ভূমিহীন পরিবারের মাঝে ঘর ও জমি প্রদান অনুষ্ঠানের ভিডিও কনফারেন্সের মাধ্যমে গৃহহীন ও ভূমিহীন পরিবারের মাঝে তিনি ঘরের চাবি বুঝিয়ে দিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলে। সেই সাথে চুয়াডাঙ্গা জেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একইসাথে তিনি প্রতিটি পরিবারের জন্য বরাদ্দ দুই শতাংশ জমির কাগজ বুঝিয়ে দেন।

চুয়াডাঙ্গায় গৃহহীন ও ভূমিহীনদের জন্য নির্মিত উপকারভোগীরা ভিডিও কনফারেন্স মাধ্যমে সরাসরি যুক্ত হন। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ভার্চুয়ালি সংযুক্ত অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) মোঃ শহিদুল ইসলাম, এ সময় তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে একসাথে এত মানুষকে গৃহ প্রদান করা প্রধানমন্ত্রী শেখ হাসিনার এক অদম্য সাহসী পদক্ষেপ। তার এই সিদ্ধান্তে উপকৃত হয়েছে দেশের লাখ লাখ মানুষ।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সদর উপজেলার ২৬ টি পরিবারের মাঝে চতুর্থ পর্যায়ে আশ্রয়ণ প্রকল্পের ঘরের চাবি হস্তান্তর করা হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) আবু তারেক , চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া, চুয়াডাঙ্গার সহকারী কমিশনার(ভূমি) মাজহারুল ইসলাম সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ সহ উপকারভোগী পরিবারের লোকজন।

দামুড়হুদায় অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদায় অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে মোবাইল কোর্টে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলা গ্রামের সাবেক চেয়ারম্যান আ: রব এর ছেলে মিন্টু’কে মোবাইল কোর্টের মাধ্যমে এই জরিমানা করা হয়।

দামুড়হুদা সহকারী কমিশনার ভূমি’র কার্যালয় সুত্রে জানাগেছে দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলা গ্রামে অবৈধভাবে মাটি উত্তোলনের দায়ে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর আওতায় এক ব্যক্তিকে ৫০,০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

এসময় তিনি বলেন অবৈধভাবে কোন মাটি উত্তোলন করা যাবে না। অবৈধভাবে মাটি উত্তোলন দণ্ডনীয় অপরাধ। এ সময় তিনি আরও বলেন কোথাও কোন তিন ফসলী জমি বা কোনো জায়গায় অবৈধভাবে মাটি উত্তোলন করে তাহলে আপনারা আমাকে জানাবেন। আমি সরজমিনে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করব। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি সদস্য হাসান আলী, মোবাইল কোর্ট পরিচালনা কালে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।